জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

সূত্র নং-জাতীঃবিঃ/ডীন (স্নাতকপূর্ব)/০৯/ তারিখ ঃ ....

২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) শ্রেণীতে পাঠদানের জন্য অধিভুক্ত কলেজসমূহে ও প্রতিষ্ঠানে ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে বি.এ/বি.এস.সি /বি.এস.এস/বি.বি.এস /বি.এড ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর **ভর্তি পরীক্ষা আগামী ১৫/০১/২০১০ তারিখ (শুক্রবার) সকাল ১১.০০ টা থেকে ১২.০০ টা পর্যন্ত একই সময়ে বাংলাদেশের সকল কেন্দ্রে অনুষ্ঠিত হবে এবং পরীক্ষার্থীকে ফরমে তথ্য পূরণের জন্য অবশ্যই ১০.৩০ টার মধ্যে পরীক্ষার কক্ষে প্রবেশ করতে হবে।**

১. ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণে প্রার্থীর প্রাথমিক যোগ্যতা ঃ

ক) কেবলমাত্র ২০০৮ ও ২০০৯ সালে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী আবেদন করতে পারবে, তবে শর্ত থাকে যে,
  (i) ২০০৮/২০০৯ সালে উচ্চ মাধ্যমিক পাস প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষাতেই ৪র্থ বিষয় (প্রযোজ্য ক্ষেত্রে) বাদে ন্যূনতম জিপিএ-২.০০ পেতে হবে।
  (ii) যে বিষয়ে স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা অনুমোদিত সমগোত্রীয় বিষয়ে প্রার্থীকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে।
  (iii) যে বিষয়ে স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয় উচ্চ মাধ্যমিক পর্যায়ে পড়ে থাকলে প্রার্থীকে সে বিষয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূন্যতম গ্রেড পয়েন্ট ৩.০০ পেতে হবে। তার ক্ষেত্রে অন্য কোন বিষয়কে সমগোত্রীয় বিষয় হিসেবে গণ্য করা যাবে না।
  (iv) বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী অথবা এক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে ২০০৮ সালে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস করে থাকলে প্রার্থীকে উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক উভয় পরীক্ষাতেই ন্যূনতম ৪র্থ বিষয় বাদে জিপিএ-২ পেতে হবে।

খ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে সকল ছাত্র-ছাত্রী ২০০৮/২০০৯ সালে ন্যূনতম ৪র্থ বিষয় বাদে জিপিএ-২.০০ পেয়ে উত্তীর্ণ হয়েছে তারাও ভর্তি পরীক্ষায় অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

গ) মদ্রাসা বোর্ডের ২০০৮/২০০৯ সালে ৪র্থ বিষয় বাদে ন্যূনতম জিপিএ-২.০০ প্রাপ্ত আলিম পাস ছাত্র-ছাত্রী অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

ঘ) মাদরাসা বোর্ডের আলিম পাস ছাত্র-ছাত্রী যারা বিজ্ঞান গ্রুপ থেকে আলিম পাস করেছে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে তারা বি.এসসি স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচ.এস.সি (ব্যবসায় ব্যবস্থাপনা) ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-এ পাস করা ছাত্র-ছাত্রী অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স কোর্সে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

চ) 'O' লেভেল পরীক্ষায় অন্তত চারটি বিষয়ে এবং ২০০৮/২০০৯ সালে **'A'** লেভেল পরীক্ষায় অন্তত দু'টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে তাদেরকে 'O' লেভেল এবং **'A'** লেভেল পরীক্ষায় মোট ৬টি বিষয়ের মধ্যে কমপক্ষে ৪টি বিষয়ে বি গ্রেড এবং দু'টি বিষয়ে সি গ্রেড পেতে হবে।

ছ) বিদেশ থেকে প্রাপ্ত ডিগ্রী/ডিপ্লোমা/সার্টিফিকেট সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/কর্তৃপক্ষ কর্তৃক উচ্চ মাধ্যমিক এর সমতুল্য নিরূপিত হলে প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে শর্ত থাকে যে, এরূপ সমতা নিরূপণ সনদপত্র ভর্তি পরীক্ষার ফরম সংগ্রহের সময় প্রদর্শন করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমের সাথে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নিশ্চিত করবে অন্যথায় তাদের আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

জ) কোন প্রার্থী ১০০০ নম্বরের অধিক নম্বরের পরীক্ষায় মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় পাস করে থাকলে তার প্রাপ্ত মোট নম্বরের ১০০০ স্কেল গণনা করে নির্ধারিত ফরম পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করবে। অন্যথায় তাদের আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

বি.দ্র. ঃ ৩১-১২-২০০৯ তারিখে সকল স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিচ্ছু আবেদনকারী ছাত্র-ছাত্রীদের সর্বোচ্চ বয়স ২২ (বাইশ) বছরের অধিক হবে না। বয়স প্রমাণের জন্য এস.এস.সি/সমমানের সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে অবশ্যই সংযোজন করতে হবে। বয়সের বিষয়টি সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নিশ্চিত করবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার কক্ষে মোবাইল ফোন আনা যাবে না। ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। পরীক্ষার উত্তরপত্র (OMR) পূরণের জন্য অবশ্যই কাল বল পয়েন্ট পেন সঙ্গে আনতে হবে। পরীক্ষার হলে উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্র সাথে আনতে হবে।

২. ভর্তি পরীক্ষার সিলেবাস, মানবন্টন ও ফলাফল প্রস্তুতকরণঃ

ক) মোট ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

খ) পরীক্ষার উত্তরপত্র(OMR) বিশ্ববিদ্যালয় সরবরাহ করবে।

গ) ভর্তি পরীক্ষায় **১০০ নম্বরের জন্য ১০০টি প্রশ্নের উত্তর দিতে হবে।** ১০০ নম্বরের পরীক্ষায় বাংলা, ইংরেজী, বাংলাদেশ প্রসঙ্গে সাধারণজ্ঞান ও উচ্চমাধ্যমিক শ্রেণীতে পঠিত বিষয়ভিত্তিক প্রশ্ন থাকবে। নম্বর বন্টন হবে নিম্নরূপঃ

মানবিক শাখা			বিজ্ঞান শাখা			ব্যবসায় শিক্ষা শাখা		
বাংলা	-	২৫	বাংলা	-	২০	বাংলা	-	২৫
ইংরেজি	-	২৫	ইংরেজি	-	২০	ইংরেজি	-	২৫
বাংলাদেশ প্রসঙ্গে সাধারণজ্ঞান	-	১০	বাংলাদেশ প্রসঙ্গে সাধারণজ্ঞান	-	১০	বাংলাদেশ প্রসঙ্গে সাধারণজ্ঞান	-	১০
বিষয়ভিত্তিক (যে কোন ৪ টি বিষয়ে ৪×১০)	-	৪০	বিষয়ভিত্তিক (পদার্থ-১৭, রসায়ন-১৭, গণিত/জীববিজ্ঞান-১৬)	-	৫০	বিষয়ভিত্তিক (হিসাব বিজ্ঞান-২০, ব্যবসায়নীতি ও প্রয়োগ-২০)	-	৪০

ঘ) **উচ্চমাধ্যমিক পর্যায়ের পঠিত বিষয় যথা ঃ মানবিক শাখার ক্ষেত্রে ঃ** অর্থনীতি, পৌরনীতি, সমাজবিজ্ঞান, সমাজকল্যান, ইতিহাস, ইসলামের ইতিহাস, যুক্তিবিদ্যা, ইসলামী শিক্ষা, ভূগোল, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, গণিত; **বিজ্ঞান শাখার ক্ষেত্রেঃ** পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান; **ব্যবসায় শিক্ষা শাখার ক্ষেত্রেঃ** হিসাববিজ্ঞান, ব্যবসায় নীতি ও প্রয়োগ বিষয়ের উপর প্রশ্ন প্রণয়ন করা হবে।

চ) **মানবিক শাখার প্রশ্নপত্রে** বাংলা, ইংরেজি ও বাংলাদেশ প্রসঙ্গে সাধারণজ্ঞান বিষয়ে (২৫+২৫+১০)=৬০ নম্বরের উত্তর দিতে হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত অর্থনীতি, পোরনীতি, সমাজ বিজ্ঞান, সমাজ কল্যাণ, ইতিহাস, ইসলামের ইতিহাস, যুক্তিবিদ্যা, ইসলামী শিক্ষা, ভূগোল, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি ও গণিত বিষয়সমূহের মধ্য থেকে যে কোন ০৪টি বিষয় ও কোডে ৪০ নম্বরের উত্তর দিতে হবে। **মানবিক শাখায়** ঐচ্ছিক বিষয় হিসাবে ১২টি বিষয়ের প্রতিটিতে ১০ নম্বর করে মোট (১০×১২)=১২০টি প্রশ্ন থাকবে। একজন পরীক্ষার্থী আবশ্যিক বিষয় হিসাবে বাংলা, ইরেজি ও বাংলাদেশ প্রসঙ্গে সাধারণজ্ঞান বিষয় ছাড়া অর্থনীতি পৌরনীতি, সমাজবিজ্ঞান, সমাজকল্যান, ইতিহাস, ইসলামের ইতিহাস, যুক্তিবিদ্যা, ইসলামী শিক্ষা, ভূগোল, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি ও গণিত হতে যে কোন ৪টি বিষয়ে সর্বোচ্চ ৪০ নম্বরের পরীক্ষা দিতে পারবে (৪ টির অধিক বিষয়ে পরীক্ষা দিলে পরীক্ষা বাতিল হয়ে যাবে)।

ছ) **বিজ্ঞান শাখার প্রশ্নপত্রে** বাংলা, ইরেজী ও বাংলাদেশ প্রসঙ্গে সাধারণ জ্ঞান বিষয়ে (২০+২০+১০) = ৫০ নম্বরের উত্তর দিতে হবে। এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত পদার্থ, রসায়ন বিষয় ছাড়া গণিত অথবা জীববিজ্ঞান বিষয়ের যে কোন ১টি বিষয়সহ অবশিষ্ট (১৭+১৭+১৬) = ৫০ নম্বরের উত্তর দিতে হবে।

জ) **ব্যবসায় শিক্ষা শাখার প্রশ্নপত্রে** বাংলা, ইংরেজী ও বাংলাদেশ প্রসঙ্গে সাধারণ জ্ঞান বিষয়ে (২৫+২৫+১০) = ৬০ নম্বরের উত্তর দিতে হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত হিসাব বিজ্ঞান, ব্যবসায় নীতি ও প্রয়োগ বিষয় থেকে অবশিষ্ট (২০+২০) = ৪০ নম্বরের উত্তর দিতে হবে।

বিঃদ্রঃ **ভর্তি পরীক্ষায় মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার পরীক্ষার্থীদের বাংলা ও ইংরেজী বিষয়ে পৃথকভাবে পাস নম্বর হবে ৭ (সাত)। এছাড়া বিজ্ঞান শাখার পরীক্ষার্থীদের বাংলা ও ইংরেজি বিষয়ে পৃথকভাবে পাস নম্বর হবে ৬ (ছয়)। ইংরেজি বিষয়ে স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তিচ্ছু সকল শাখার (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা) শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় ইংরেজীতে ন্যূনতম ১২ (বার) নম্বর পেতে হবে।**

ঝ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত G.P.A (৪র্থ বিষয় বাদে)এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

ঞ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত G.P.A এর মান যথাক্রমে ৪০ ও ৬০ ধরা হবে।

ট) "O" লেভেল এবং "A" লেভেল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় গ্রেড নম্বর নিম্নোক্ত নীতি অনুসারে নির্ধারণ করা হবে ঃ

গ্রেড- A	৮০
গ্রেড- B	৭০
গ্রেড- C	৬০

উল্লিখিত নম্বর অনুযায়ী 'O' লেভেল এর মান ৪০% এবং "A" লেভেল এর মান ৬০% ধরে এবং এর সাথে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে মেধা তালিকা প্রণয়ন করা হবে। 'O' লেভেল এর সর্বোচ্চ গ্রেড প্রাপ্ত ৪টি বিষয়ের এবং "A" লেভেল এর সর্বোচ্চ গ্রেড প্রাপ্ত ২টি বিষয়ের গ্রেড উপর্যুক্ত নিয়মানুসারে গণনায় ধরে ১০০০ নম্বরে রূপান্তরিত করা হবে।

৩. ভর্তি পরীক্ষা সংক্রান্ত জ্ঞাতব্যঃ

(i) ভর্তি নির্দেশিকা, প্রাথমিক আবেদনপত্র ও SIF কলেজ কর্তৃক বিশ্ববিদ্যালয় থেকে সংগ্রহের তারিখ ০৯/১২/২০০৯ ও ১০/১২/২০০৯

(ii) কলেজ কর্তৃক প্রার্থীদের মধ্যে ভর্তি নির্দেশিকা, প্রাথমিক আবেদন ফরম ও SIF বিতরণ ১০/১২/২০০৯ থেকে ২৯/১২/২০০৯

(iii) প্রার্থী কর্তৃক পূরণকৃত আবেদন ফরম ও SIF সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার শেষ তারিখ ২৯/১২/২০০৯

(iv) প্রার্থীর পূরণকৃত আবেদনপত্রের বিশ্ববিদ্যালয়ের অংশ, পূরণকৃত SIF (দুই পৃষ্ঠায় পূরণ করতে হবে) এবং ফরম বিক্রয়ের প্রাপ্ত টাকার ডি.ডি (বিশ্ববিদ্যালয়ের অংশ) কলেজ কর্তৃক বিশ্ববিদ্যালয়ে হাতে হাতে জমা দেয়া ও উত্তরপত্র (OMR) গ্রহণের শেষ তারিখ ০৩/০১/২০১০

৪. ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য প্রাথমিক আবেদনপত্রের ফরম শিক্ষার্থী যে কলেজে ভর্তি হতে ইচ্ছুক তাকে সেই কলেজের অফিস থেকে ১০/১২/২০০৯ তারিখ হতে ২৯/১২/২০০৯ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে। যথারীতি পূরণকৃত ফরম ও SIF ২৯/১২/২০০৯ তারিখের মধ্যেই সংশ্লিষ্ট কলেজ অফিসে জমা দিতে হবে। প্রাথমিক আবেদনপত্র সংগ্রহের সময় ভর্তি পরীক্ষার ফিস বাবদ নগদ ২৫০ /- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজ অফিসে জমা দিতে হবে। **প্রার্থী যে শাখা থেকে (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাশ করেছে সেই শাখার জন্য নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম গ্রহণ করবে এবং ঐ শাখার জন্য নির্ধারিত প্রশ্নপত্রে তাকে পরীক্ষা দিতে হবে।** ভর্তি পরীক্ষার ফলাফল ঘোষণার পর প্রার্থী আসন সংখ্যা ও যোগ্যতা অনুযায়ী তার পছন্দের বিষয় নির্ধারণ করার সুযোগ পাবে। ভর্তি পরীক্ষার আবেদন ফরমের ক্রমিক নম্বর পরীক্ষার্থীর ভর্তি পরীক্ষার রোল নম্বর হিসেবে বিবেচিত হবে। উত্তরপত্র (OMR) নমুনা ফরম ভর্তি পরীক্ষার পূর্বেই জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে। ভর্তি পরীক্ষার্থীদেরকে মানসিক প্রস্তুতির জন্য পরীক্ষার পূর্বেই এটি দেখার জন্য পরামর্শ দেয়া হলো। আবেদন পত্রে ও SIF এ প্রার্থীকে পছন্দক্রম অনুসারে একই শাখার বা ভিন্ন শাখা সহ ভর্তিচ্ছু ৫টি বিষয়ের নাম উল্লেখ করতে হবে।

৫. ভর্তির প্রাথমিক আবেদনপত্র এবং আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণকালে ২০০৮-২০০৯/২০০৯-২০১০ শিক্ষাবর্ষ পর্যন্ত সংশ্লিষ্ট কলেজের, স্নাতক (সম্মান) শ্রেণীর অধিভুক্তি, অধিভুক্তি নবায়নের প্রমাণপত্র (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) এবং প্রাথমিক আবেদনপত্রের সম্ভাব্য সংখ্যার চাহিদাপত্র (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত), বিষয়ওয়ারী আসন সংখ্যার প্রত্যয়নপত্র, বার্ষিক উন্নয়ন ফি জমাদানের ব্যাংক রশিদ অবশ্যই সঙ্গে আনতে হবে।

৬. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

৭. ভর্তি বিজ্ঞপ্তি, আবেদন ফরম ও SIF এর নমুনা ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.edu.bd** এ পাওয়া যাবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ ভর্তির জন্য দাখিলকৃত যে কোন দলিলপত্র ভূয়া/অসম্পূর্ণ/তথ্য গোপন প্রমাণিত হলে ভর্তি পরীক্ষা বা ভর্তির পর যে কোন পর্যায়ে ভর্তিকৃত ছাত্র ছাত্রীদের ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত নিয়মনীতি, যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজন করার সকল অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৬/১১/০৯

(ড. ফকির রফিকুল আলম)
ডীন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
ও
সদস্য সচিব
১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা কমিটি
শিক্ষাবর্ষ ২০০৯-২০১০